

মিত্রদের বর্ণালিবিন্যাস

# মিত্রদের বর্ণালিবিন্যাস

সময়: কমপক্ষে ৩০ মিনিট

লক্ষ্য বা উদ্দেশ্য:

- আমাদের মিত্র কারা আর বিরোধী কারা তা বোঝা।
- বিশেষ-কৌশলগুলি প্রধান মিত্রদের কতটা আকর্ষণ করতে পারে বা পারে না, এবং জনগণকে কতটা সক্রিয় মিত্র হিসেবে এগিয়ে দিতে পারে সে-সম্পর্কে যে পরিকল্পনা করা দরকার তা শেখা।
- আমাদের দৃষ্টিকোণের সপক্ষে যে বিরোধী পক্ষকে জিতে নেওয়ার প্রয়োজন নেই এ-রকম উপলব্ধি থেকে আরও আশাবাদী সমাবেশের প্রচেষ্টাকে উৎসাহিত করা।
- জনগণকে সামগ্রিক-কৌশল রচনার আকর্ষণীয় জটিলতার ভেতর আমন্ত্রণ জানানো।

কী-ভাবে এটা করা হয়/ সহায়কের মন্তব্য:

ব্যাখ্যা করুন যে, সমাজের (অথবা শহরের, বা রাজ্যের) ভিতরে বহু ধরনের গোষ্ঠী আছে যাদের এক ধরনের বর্ণালিবিন্যাসের ভিতরে এ-ভাবে সাজানো যেতে পারে — পক্ষ-সমর্থনকারীদের দৃষ্টিকোণের সব চেয়ে কাছের লোক থেকে শুরু করে যারা সক্রিয় ভাবে পরিবর্তনের বিরোধিতা করে তারা পর্যন্ত। এটাকে বোঝানোর জন্য একটি আনুভূমিক রেখা টানা যাক। পরিবর্তনের পক্ষ-সমর্থনকারীরা আছে রেখাটির এক প্রান্ত-বিন্দুতে (ধরা যাক বাম দিকে)। আর বিরোধীরা আছে ওই রেখার আরেক প্রান্ত-বিন্দুতে।

কয়েক টুকরো গোঁজ সহ একটি অর্ধবৃত্ত আঁকা যাক। এক প্রান্তের সব চেয়ে কাছের গোঁজটি হল সক্রিয় মিত্ররা এবং একই ভাবে একেবারে অন্য প্রান্তে বিরোধীরা। ঠিক তার পরেই থাকছে নিষ্ক্রিয় মিত্ররা। আর মাঝখানে থাকা গোষ্ঠীটি হল নিরপেক্ষরা।

## অহিংসা

অহিংসা কী, এবং কেন একে ব্যবহার করি?  
অহিংসা এবং ক্ষমতা

## সামগ্রিক-কৌশলগুলি

অহিংস গণ-অভিযান পরিকল্পনা করা  
আন্দোলনের পরিকল্পনা

## অহিংস কার্যকলাপ


প্রতিবাদের বার্তা পাঠানো  
কৌশল-পরিকল্পনা তৈরী করা  
গোষ্ঠীগুলিতে কাজ

## প্রশিক্ষণ

ক্ষমতা-সুস্থ

গোষ্ঠীটি যে বিষয় নিয়ে কাজ করছে সেটাই ব্যবহার করুন, বা এটা যদি সাধারণ কোনো প্রশিক্ষণ হয়, তা হলে সেই গোষ্ঠীটিতে থাকা জনগণ কাজ করছে এমন কোনো বিষয়ের একটি উদাহরণ দিতে বলুন। সবার জানা আছে এমন কোনো ঐতিহাসিক উদাহরণও ব্যবহার করা যেতে পারে। আমরা সবাই এক মত হতে পারি এমন কোনো দাবি বলুন এবং প্রশ্ন করুন, সমাজে কে এর সমর্থনে সব চেয়ে বেশি ঝুঁকে আছে, কে সব চেয়ে কম, কিংবা কে নিরপেক্ষ। গোষ্ঠীগুলির উদাহরণ দিন: 'ইউনিয়ন?', 'গরিব জনগণের গোষ্ঠী?', 'ব্যবসায়ী সম্প্রদায়?'। অংশগ্রহণকারীরা বর্ণালিবিন্যাসের মধ্যে গোষ্ঠীগুলিকে এবং তাদের অবস্থানকে শনাক্ত করলে, তা গোঁজের 'টুকরো'টার উপর লিখুন। আলোচনা এবং তার প্রতিফলন হওয়াকে উৎসাহিত করুন। সুনির্দিষ্ট করার দিকে লক্ষ রাখুন।

জনগণ নিরপেক্ষ হয় কেন চিহ্নিত করুন, এবং আলোচনা করুন মিত্র হিসেবে তাদের টেনে আনার কোনো পথ আছে কি না। এটাও লক্ষ করুন, কোথায় জনগণ ইতিমধ্যেই একটা গোঁজ থেকে অন্য গোঁজে সরে এসেছে এবং সেটা কেন হল আলোচনা করুন (যেমন উদাহরণ হিসেবে, সৈনিকরা এবং প্রাক্তন সৈনিকরা শুরুতে যুদ্ধকে সমর্থন করার দিকে ঝুঁকে, কিন্তু যুদ্ধ যত গড়ায়, বিরোধিতাও বাড়তে থাকে)।



**ভালো কথাটা জানান:** বেশির ভাগ সামাজিক পরিবর্তনের প্রচারাভিযানে, আপনার দৃষ্টিকোণের সপক্ষে বিরোধীদের জিতে নেওয়ার প্রয়োজন নেই, এমনকী ক্ষমতাধররা বিরোধী পক্ষ হলেও। এখানে শুধু কয়েকটি বা সবগুলি গোঁজকে আপনার দিকে এক ধাপ এগিয়ে আনা প্রয়োজন। আমরা

যদি প্রত্যেকটি গোঁজকে এক ধাপ এগিয়ে নিই, তা হলে আমরা জিততেও পারি, এমনকী বিরোধী পক্ষের সব চেয়ে কটরপন্থীরা অনড় থাকলেও।

গোষ্ঠীটি যখন তার সামগ্রিক-কৌশল এবং প্রাসঙ্গিক বিশেষ-কৌশলগুলি তৈরি করছে, তখন সেটা কোন গোঁজটিকে উদ্দেশ্য করে তারা করছে এবং তারা জনগণকে কী-ভাবে তাদের দিকে নিয়ে আসবে তা চিন্তিত করতে তাদের উৎসাহিত করুন। ঠিক কাদের কাছে তারা যাবে সে-ব্যাপারে তাদের পছন্দ-বাছাই কী সেটা জিজ্ঞেস করুন:

- কোন গোষ্ঠীগুলির কাছে আমাদের যাওয়ার সুযোগ আছে বা কাদের কাছে আমাদের বিশ্বাসযোগ্যতা আছে?
- কোন গোষ্ঠীগুলির কাছে আমরা পৌঁছতে পারছি না?
- আমাদের গোষ্ঠীর উদ্দেশ্যকে সামনে রেখে, কোন গোষ্ঠীগুলিকে আমাদের পক্ষে সব চেয়ে ভালো ভাবে রাজি করানো সম্ভব?

যে উৎস থেকে নিয়ে তৈরি করা হয়েছে:

[http://www.trainingforchange.org/spectrum\\_of\\_allies](http://www.trainingforchange.org/spectrum_of_allies)